41

দৈনিক জনকণ্ঠ

তারিখ 25 JUN 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

শিক্ষক প্রতিনিধি দলের সাক্ষাত

# চট্টগ্রাম ভার্সিটিতে শিক্ষার অনুকূল পরিবেশ ফিরিয়ে আনুন ॥ প্রধানমন্ত্রী

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সিন্ডিকেট সদস্যদের একটি প্রতিনিধি দল মঙ্গলবার ঢাকায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাত করে।

(১৫ পৃষ্ঠা ২ কঃ দেখুন)

## চট্টগ্রাম ভার্সিটিতে

(প্রথম পাতার পর)

উপাচার্য অধ্যাপক আব্দুল মান্নানের নেতৃত্বে ১৪ সদস্যের এই প্রতিনিধি দল আবাসন, পরিবহন ও শিক্ষার পরিবেশসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সমস্যা সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করে এবং এসব সমস্যা সমাধানে তাঁর সহযোগিতা কামনা করে। খবর ইউএনবি'র।

শেখ হাসিনা নির্বিঘ্ন শিক্ষা কার্যক্রম নিশ্চিত ও শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে ক্যাম্পাসে শিক্ষার অনুকূল পরিবেশ ফিরিয়ে আনার প্রয়োজনের ওপর গুরুত্ব আরোপ করেন।

প্রধানমন্ত্রী বিশ্ববিদ্যালয়ের ১৩শ' একর জমির ওপর অবকাঠামোগত উন্নয়ন, নতুন গ্রন্থাগার, শিক্ষকদের জন্য ডরমিটরি ও ছাত্রছাত্রীদের জন্য আবাসিক হল নির্মাণের পরামর্শ দেন। তিনি এ ব্যাপারে তাঁর সরকারের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন।

শেখ হাসিনা ব্রিটিশ বিরোধী আন্দোলনের বিপ্লবী নেত্রী প্রীতিলতার নামে ছাত্রীদের একটি নতুন ডরমিটরির নামকরণের জন্য প্রতিনিধি দলের সদস্যদের ধন্যবাদ জানান।